# HUMAN RIGHTS FORUM BANGLADESH (HRFB)

বরাবর
বার্তা সম্পাদক

আপনার জনপ্রিয় সংবাদ মাধ্যমে নিম্নোক্ত প্রেস বিজ্ঞপ্তিটি প্রকাশ/প্রচারের অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদসহ

সুলতানা কামাল
আহ্বায়ক

**ডেইলি স্টারের বিরুদ্ধে পদক্ষেপ নেয়া হবে বলে প্রধানমন্ত্রীর ঘোষণা**
**হিউম্যান রাইটস ফোরামের উদ্বেগ**

**[ঢাকা, ২ মার্চ ২০১৫]** নিষিদ্ধ ঘোষিত সংগঠন হিজবুত-তাহরির এর একটি পোস্টারের ছবি ছাপানোর কারণে ইংরেজী দৈনিক ডেইলি স্টার-এর বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে বলে সম্প্রতি জাতীয় সংসদে প্রধানমন্ত্রীর দেয়া বক্তব্যে গভীর উদ্বেগ প্রকাশ করছে হিউম্যান রাইটস ফোরাম, বাংলাদেশ। হিউম্যান রাইটস ফোরাম ১৯টি মানবাধিকার সংগঠনের সমন্বয়ে গঠিত একটি কোয়ালিশন।

উল্লেখ্য, গত ১১ ফেব্রুয়ারি ডেইলি স্টার-এর তিন এর পাতায় হিজবুত তাহরির এর একটি পোস্টারের (যা সম্প্রতি ঢাকার বিভিন্ন অলিগলিতে সাঁটানো হয়) ছবি ছাপানো হয়। 'উগ্রপন্থিরা আবার মাথা তুলছে' শিরোনামে ছাপানো ওই পোস্টারের ক্যাপশনে ডেইলি স্টার লেখে 'বর্তমান সংঘাতপূর্ণ রাজনৈতিক অস্থিরতার সুযোগ নিয়ে নিষিদ্ধ ঘোষিত প্রতিক্রিয়াশীল সংগঠন হিজবুত তাহরীর সশস্ত্র বাহিনীর মধ্যে উত্তেজনা সৃষ্টির উদ্দেশ্যে এই পোস্টার প্রকাশ করেছে।'

এরপর গত ১৫ ফেব্রুয়ারি একজন আইনজীবী ঢাকার চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট আদালতে ডেইলি স্টার-এর সম্পাদক ও প্রকাশক মাহফুজ আনাম, প্রধান বার্তা সম্পাদক সৈয়দ আশরাফুল হক এবং প্রধান চিত্রগ্রাহক এসকে এনামুল হকের বিরুদ্ধে দন্ডবিধির ৫০৫ ও ৩৪ ধারায় মামলা করে। অন্যদিকে ১৮ ফেব্রুয়ারি সংসদে দেয়া বক্তব্যে প্রধানমন্ত্রী বলেন ডেইলি স্টার একটি নিষিদ্ধ সংগঠনের পোস্টার ছাপানোর মাধ্যমে ওই সংগঠনকে মদদ দেয়ার চেষ্টা করেছে। তিনি আরো বলেন, আমরা এ ব্যাপারে যথাযথ পদক্ষেপ নিচ্ছি এবং যারা হিজবুত তাহরির-এর পোস্টার ছাপানোর মাধ্যমে তাদের মদদ দেয়ার চেষ্টা করছেন, তাদের বিরুদ্ধে ব্যবস্থা নেয়া হবে।'

হিউম্যান রাইটস ফোরাম মনে করে, প্রধানমন্ত্রীর এ বক্তব্য গণমাধ্যমের স্বাধীনতাকে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত করবে। জাতীয় সংসদের মত গুরুত্বপূর্ণ স্থানে দেশের প্রধান নির্বাহীর পক্ষ থেকে দেয়া বক্তব্য সরকারের সর্বোচ্চ নীতির প্রতিফলন। একটি সত্য বিষয়ের সংবাদ প্রকাশের মাধ্যমে জনগণকে অবহিত করার কারণে একটি সংবাদপত্রের বিরুদ্ধে এ ধরনের বক্তব্য কোনভাবেই একটি গণতান্ত্রিক সরকারের চরিত্রের সঙ্গে মানানসই নয়।

আমরা আশা করি, গণমাধ্যম যেন স্বাধীনভাবে কাজ করতে পারে সরকার সে পরিবেশ নিশ্চিত করবে। সরকারসহ সকলে তাদের দায়িত্ব ঠিকভাবে পালন করছে কিনা সে ব্যাপারে জনগণকে অবহিত করাই গণমাধ্যমের দায়িত্ব। গণমাধ্যম অবশ্যই জবাবদিহির উর্ধ্বে নয়, কিন্তু সেই জবাবদিহি নিশ্চিত করতে হবে গণতান্ত্রিক প্রক্রিয়ার মধ্য দিয়ে–কোন অগণতান্ত্রিক পন্থায় নয়।

**Secretariat:**
Ain o Salish Kendra (ASK), 7/17, Block-B, Lalmatia, Dhaka-1207
Phone: 8126047, 8126134, 8126137, Fax: 8126045
Email: ask@citechco.net web: www.askbd.org
**Forum Members:**
Ain o Salish Kendra (ASK), Acid Survivors Foundation (ASF), Bandhu Social Welfare Society (BSWS), Bangladesh Adivasi Forum, Bangladesh Dalit and Excluded Rights Movements (BDERM), Bangladesh Institute of Labor Studies (BILS), Bangladesh Legal Aid & Services Trust (BLAST), Bangladesh Mohila Parishad (BMP), Boys of Bangladesh (BOB), FAIR, Karmojibi Nari (KN), Kapaeeng Foundation, Manusher Jonno Foundation (MJF), National Alliance of Disabled Peoples' Organizations (NADPO), Nagorik Uddyog, Naripokkho, Nijera Kori, Steps Towards Development (Steps), Transparency International Bangladesh (TIB)